

# Meeting between Prime Minister Shri Narendra Modi and The Hon Tony Abbott, Australian PM's Special Trade Envoy for India

August 05, 2021

## প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর ভারতে পাঠানো বিশেষ বাণিজ্য দূত মিঃ টনি অ্যাবটের সঙ্গে বৈঠক

অগস্ট 05, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর ভারতে পাঠানো বিশেষ বাণিজ্য দূত প্রাক্তন অস্ট্রেলিয়ান প্রধানমন্ত্রী মিঃ টনি অ্যাবটের সঙ্গে বৈঠক করেছেন। টনি অ্যাবট ২-৬ অগস্ট পর্যন্ত ভারত সফরে রয়েছেন।

উভয় নেতৃত্ব ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে কৌশলগত অংশিদারিত্বের পূর্ণ সম্ভাবনার বিষয়, অর্থনৈতিক সহযোগিতাকে আরও শক্তিশালী করার উপায়, দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের বিষয় নিয়ে আলোচনা করেছেন।

উভয়ে ভারত এবং অস্ট্রেলিয়ার মধ্যে বর্ধিত অর্থনৈতিক সহযোগিতার ওপর জোর দিয়েছেন। এই সহযোগিতা উভয় দেশে কোভিড ১৯ মহামারির জেরে উদ্ভূত অর্থনৈতিক সমস্যা মোকাবিলা এবং স্থিতিশীল, সুরক্ষিত ও ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমৃদ্ধির সুফল ভাগ করে নেওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে সুসম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। এই সুসম্পর্ক গড়ে ওঠার জন্য প্রধানমন্ত্রী মরিসন এবং প্রাক্তন প্রধানমন্ত্রী অ্যাবটের গুরুত্বপূর্ণ অবদানের প্রশংসাও জানান।

প্রধানমন্ত্রী শ্রী মোদী গত বছর অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মরিসনের সঙ্গে ভার্চুয়াল বৈঠকের কথাও স্মরণ করেন। পরিস্থিতি স্বাভাবিক হলে প্রধানমন্ত্রী মরিসনকে ভারতে আসার জন্য আহ্বান জানান শ্রী মোদী।

গত বছরের চৌঠা জুন প্রধানমন্ত্রী মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসনের মধ্যে অনুষ্ঠিত 'লিডার্স ভার্চুয়াল শীর্ষ সম্মেলন'-এ দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের কৌশলগত অংশিদারিত্বের বিষয় তুলে ধরা হয়। এর আওতায় ভারত এবং অস্ট্রেলিয়ার মধ্যে বাণিজ্য সম্প্রসারণ ও বিনিয়োগে উৎসাহ যোগানোর জন্য পারস্পরিক সুবিধার বিষয় এবং দ্বিপাক্ষিক সর্বাঙ্গীন অর্থনৈতিক সহযোগিতা চুক্তি পুণরায় কার্যকর করার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এরই অঙ্গ হিসেবে মিঃ টনি অ্যাবট এই দেশ সফরে এসেছেন।

নিউ দিল্লি

অগস্ট 05, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.